

উপভোক্তা সুরক্ষা

সদ্য প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা মানুষদের জন্য ছোটখাট পরামর্শ

ক্রেডিট সংশোধনের
বিষয়ে প্রায়ই ঘটনা
জালিয়াতি

এমন কোম্পানিগুলির বিষয়ে সতর্ক থাকবেন যারা আপনার ক্রেডিট রিপোর্ট সংশোধন করে দেওয়ার এবং আপনাকে দ্রুত একটি ভালো ক্রেডিট স্কোর পাইয়ে দেওয়ার কথা বলেন। এই ধরনের বেশিরভাগ কোম্পানিই আপনার অর্থ হাতিয়ে নেওয়ার চক্রান্ত করছে।

ক্রেডিট সংশোধন বিষয়ক জালিয়াতি করার লক্ষণগুলির কথা নীচে উল্লেখ করা হল:

- কোম্পানিটি আপনার ক্রেডিট রিপোর্ট থেকে নেতিবাচক তথ্য সরিয়ে দেবে বলে প্রতিশ্রুতি দিচ্ছে।

ঘটনা: কোনো নির্ভুল ক্রেডিট রিপোর্ট থেকে কারোর পক্ষেই নেতিবাচক তথ্য আইনত সরিয়ে দিতে সম্ভব নয়। সাধারণত অধিকাংশ নেতিবাচক তথ্য আপনার রিপোর্টে সাত বছরের জন্য থেকে যায় অন্যদিকে দেউলিয়া হয়ে যাওয়ার মতো তথ্য রিপোর্টে 10 বছরের জন্য থেকে যায়।

পরামর্শ: দেশ জুড়ে থাকা উপভোক্তা ক্রেডিট রিপোর্টিং কোম্পানিগুলির প্রত্যেকের কাছ থেকে আপনি প্রতি বছর একটি বিনামূল্যে ক্রেডিট রিপোর্ট পেতে পারবেন। আপনার ক্রেডিট রিপোর্ট পেতে annualcreditreport.com এ যান এবং তথ্য যে নির্ভুল এবং আপ-টু-ডেট আছে তা নিশ্চিত করতে তা পর্যালোচনা করুন। ভুল বা অসম্পূর্ণ তথ্য কীভাবে খণ্ডন করবেন সেই বিষয়ে তথ্য আপনার ক্রেডিট রিপোর্টেই দেওয়া থাকবে।

- কোম্পানিটি যেকোনো ধরনের ক্রেডিট সংশোধন করার আগেই অর্থ চাইলে।

ঘটনা: ফেডার্যাল আইন অনুসারে, ক্রেডিট সংশোধন করে দেওয়ার কোম্পানিগুলি আপনাকে যে পরিশেষাগুলি দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে তা পূরণ না করা পর্যন্ত অর্থ দেওয়ার কথা বলতে পারে না।

পরামর্শ: আপনি আপনার ক্রেডিট উন্নত করার বিষয়ে NYC আর্থিক সমৃদ্ধি কেন্দ্রে বিনামূল্যে সহায়তা পেতে পারবেন।

- কোম্পানিটি আপনার জন্য পৃথক পরিচয়পত্র (আর একটি সামাজিক নিরাপত্তা নম্বর (Social Security Number) বা ব্যবসায়িক কর আইডি নম্বর) দিয়ে একটি নতুন "ক্রেডিট পরিচয়" তৈরি করে দেবে বলে বলছে।

ঘটনা: পরিচয়পত্র নিয়ে কোনো জালিয়াতি করা বেআইনি বা ভুলো সামাজিক নিরাপত্তা বা ব্যবসায়িক কর আইডি করা বেআইনি।

পরামর্শ: এই ক্রেডিট সংশোধন কোম্পানির জালিয়াতির বিষয়ে অভিযোগ জানাতে, ftc.gov এ গিয়ে ফেডার্যাল ট্রেড কমিশনের (Federal Trade Commission (FTC)) কাছে সেই অভিযোগ জানান।

- কোম্পানিটি আপনাকে খালি ফর্মে সই করতে বলছে এবং ব্যক্তিগত তথ্য দিতে বলছে যাতে কিনা ক্রেডিট জনিত সমস্যার তারা আপনার হয়ে কাজ করতে পারে।

ঘটনা: খালি কাগজে সই এবং ব্যক্তিগত পরিচয়ের তথ্য দিয়ে দেওয়ার ক্ষেত্রে পরিচয় চুরি হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

পরামর্শ: কখনও খালি কাগজে সই করবেন না এবং কারণ না জেনে এবং আপনি কার সঙ্গে লেনদেন করছেন তা না জেনে ব্যক্তিগত তথ্য দিয়ে দেবেন না। আপনার ক্রেডিট ইতিহাস রাতারাতি সংশোধন করা কারোর পক্ষে সম্ভব নয়। কীভাবে আপনার ক্রেডিট সংশোধন করতে পারবেন এবং আপনার ঋণ নিরাপদে এবং নিখরচায় পরিচালনা করতে পারবেন সেই বিষয়ে জানতে কোনো আর্থিক সমৃদ্ধি কেন্দ্রের পরামর্শদাতার সঙ্গে কথা বলে নিন।

আপনার ক্রেডিট স্কোর বাড়ানোর বিভিন্ন মাধ্যম

- সময়ে আপনার বিল মেটান।
- ন্যূনতম যত অর্থ মেটাতে হবে তার থেকে বেশি অর্থ মেটান।
- দায়িত্বের সঙ্গে আপনি যত পরিমাণ ঋণ মেটাতে পারবেন তা জানুন। এমন পরিমাণ ঋণ করতে যাবেন না যা আপনার পক্ষে মেটানো সম্ভব হবে না।
- আপনার ক্রেডিট স্কোরে কোন বিষয়গুলি ইতিবাচক এবং নেতিবাচক প্রভাব ফেলতে পারে তা বুঝুন, যেমন ক্রেডিট ইতিহাসের দৈর্ঘ্য, ক্রেডিটের ধরন, সাম্প্রতিক ক্রেডিট এবং ক্রেডিটের পরিমাণ।
- বিনামূল্যে সহায়তা পান!

বিনামূল্যে সহায়তা

NYC আর্থিক সহায়তা কেন্দ্র (NYC Financial Empowerment Center) বিনামূল্যে বিশেষজ্ঞের কাছ থেকে আর্থিক বিষয়ক পরামর্শ নিন। আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোথাও সাফাং কারের ব্যবস্থা করতে 311 এ কল করুন বা আরো জানতে nyc.gov/consumers দেখুন।

আপনার ক্রেডিট রিপোর্টের একটি অনুলিপি বিনামূল্যে নিন এবং তা সম্বন্ধে পর্যালোচনা করুন। annualcreditreport.com এ যান বা নিঃশুল্কে 1-877-322-8228 এ কল করুন।

সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষদের জন্য উপভোক্তা সুরক্ষার বিষয়ে ছোটখাট পরামর্শের বিষয়ে
সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষজন প্রতিদিনই উপভোক্তা বিষয়ক চ্যালেঞ্জের সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক দপ্তর (DCA) বেশ কিছু তথ্যপত্র বানিয়েছে যা থেকে সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষেরা তাদের অধিকারের বিষয়ে শিক্ষিত হতে পারবেন এবং আজকে খরচ করার বিষয়ে সে সিদ্ধান্ত নিচ্ছেন তা কীভাবে তাদের আগামীদিনকে প্রভাবিত করবে সেই বিষয়ে শিক্ষিত হতে পারবেন।



Bill de Blasio
Mayor

**Consumer
Affairs**

Lorelei Salas
Commissioner

**Department of
Education**

Carmen Fariña
Chancellor